

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
প্রতিমন্ত্রীর দফতর, ঢাকা

**সংযুক্ত আরব আমিরাতে খাদ্যনিরাপত্তাবিষয়ক প্রতিমন্ত্রীর সাথে মৎস্যপ্রতিমন্ত্রীর বৈঠক  
বাংলাদেশ থেকে নিরাপদ ও হালাল প্রাণিজ খাদ্য আমদানিতে আরব আমিরাতে আগ্রহপ্রকাশ**

তথ্যবিবরণীঃ

ঢাকা, ১৮ জুন, ২০১৯:

বাংলাদেশ থেকে নিরাপদ ও হালাল প্রাণিজ খাদ্য আমদানিতে আরব আমিরাতে খাদ্যনিরাপত্তাবিষয়ক প্রতিমন্ত্রী **Maryam bint Mohammed Saed Hareb Al Mehairi** আগ্রহপ্রকাশ করেছেন।

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরুর সাথে আজ এক দ্বিপাক্ষিক বৈঠক সংযুক্ত আরব আমিরাতে খাদ্যনিরাপত্তাবিষয়ক প্রতিমন্ত্রী এ আগ্রহপ্রকাশ করেন।

মৎস্য প্রতিমন্ত্রীর দফতরে অনুষ্ঠিত বৈঠকে বাংলাদেশের উৎপাদিত মৎস্য ও প্রাণিসম্পদের ব্যাপক উন্নয়ন এবং স্বয়ংসম্পূর্ণতা অর্জনের কথা তুলে ধরে মৎস্য প্রতিমন্ত্রী সংযুক্ত আরব আমিরাতে মাছ ও মাংসসহ প্রাণিজ খাদ্য রপ্তানির পাশাপাশি তাদের টেকনিক্যাল সহায়তারও প্রস্তাব দেন। সংযুক্ত আরব আমিরাতে প্রতিমন্ত্রী বাংলাদেশের সামুদ্রিক মৎস্যসম্পদ, গরু-মহিষ এবং ডেইরিশিল্পের অবস্থা আগ্রহসহকারে অবহিত হন। তিনি বাংলাদেশের উৎপাদিত মৎস্য ও প্রাণিজ খাদ্য নিরাপদ ও হালাল হবে কিনা, তা-অ জানতে চান।

বাংলাদেশের উৎপাদিত প্রাণিজ খাদ্য ১০০% নিরাপদ ও হালাল বলে আমিরাতে প্রতিমন্ত্রীকে জানানো হয়। এদেশের মাছ রপ্তানিতে ইউরোপীয় ইউনিয়ন কর্তৃক অনাপত্তি সনদপ্রাপ্তির কথাও আরব আমিরাতে প্রতিমন্ত্রীকে জানানো প্রতিমন্ত্রী। উভয়মন্ত্রী দুদেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো জোরদার করার কথাও উল্লেখ করে ভবিষ্যতে আবারো দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবার আশাবাদ ব্যক্ত করেন।

সংযুক্ত আরব আমিরাতে প্রতিনিধিদলে বাংলাদেশে নিযুক্ত সেদেশের রাষ্ট্রদূত **Saed Mohammed Saed Hmaid Almheiri** ছাড়াও অন্যান্য কর্মকর্তাবৃন্দ এবং বাংলাদেশের পক্ষে মন্ত্রণালয়ের সচিব রইছউল আলম মন্ডল, মৎস্য উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান দিলদার আহমদ, মৎস্য অধিদফতরের ডিজি আবু সাইদ মোঃ রাশেদুল হক, প্রাণিসম্পদ অধিদফতরের ডিজি হীরেশ রঞ্জন ভৌমিক, মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ডিজি ড ইয়াহিয়া মাহমুদ, প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ডিজি নাথুরাম সরকার প্রমুখ উপস্থিত ছিলেন।

(মোঃ শাহ আলম)  
সিনিয়র তথ্য অফিসার (পিআরও)  
০১৫১১৬৭৭৬৭৮ (মোবাঃ)